কোনো নির্বাসনই কাম্য নয় আর

ব্যক্তিগত গ্রাম থেকে অনাত্মীয় শহরে
পুকুরের যৌথ স্নান থেকে নিঃসঙ্গ বাথমে

কোনো নির্বাসনই কাম্য নয়
কাম্য নয়
কাম্য নয় আর ---


জুঁই, চামেলি, চন্দ্রমল্লিকা কিংবা কাঠগোলাপ থেকে
টিউলিপ ম্যাগনোলিয়া অথবা ত্রিসেনথিমাম
নিজস্ব শহর থেকে অচেনা ফুটপাতে
এশিয়ার আকাশে ময়ূর নীল থেকে
কুয়াশাচ্ছন্ন প্রতীচ্য
না, কোনো নির্বাসনই
কাম্য নয়
আর।

কাম্য নয় আপন ভদ্রাসন থেকে ভাড়াটে ফ্লাটে
এই শব্দহীন শোল মাছের ঝোল থেকে
স্বাদমুক্ত চিকেন স্যুপ
আর ডিনার রোলে এ নির্বাসন
না, কোনো নির্বাসনই কাম্য নয় আর।

পোকা - মাকড়ের গুঞ্জনে ভরা
তলোয়ারের মতন দীপ্তিমান বৈশাখ থেকে
শিকারি কুকুরের মতো শীত হাওয়ার চিৎকারে
এই যে নির্বাসন - কাম্য নয় তা।

নিজস্ব মহিলার আলিঙ্গন থেকে
হননমত্ত জনতার ব্যূহে
এই যে নির্বাসন -- কাম্য নয় আর।

প্রেম থেকে অপ্রেমে,
ধর্ম থেকে ধর্মান্ধতায়
প্রগতি থেকে প্রতিক্রিয়ার মধ্যযুগীয় আবর্তে,
চুম্বন থেকে চুম্বনহীনতায়
জীবনের ওপারে কোনো অন্তহীন কফিনে



এই যে নির্বাসন
আমার কাম্য নয় আর
কোনো নির্বাসনই কাম্য নয় আর।

সহীদ কাদারী


Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com